# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন(নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭
ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd

www.bwdb.gov.bd

Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: dir.cpc@bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-২২৮ তারিখ : ৩১-০৭-২০১৯ খ্রিঃ

### পরিপত্র

বিষয়ঃ চুক্তি মূল্য(Contract Price) হ্রাস হলে বা অপরিবর্তনীয় থাকলে ভেরিয়েশন অর্ডার অনুমোদন সংক্রান্ত

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চুক্তি বাস্তবায়ন পর্যায়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে চুক্তিমূল্য হ্রাস পেলে বা অপরিবর্তনীয় থাকলে ভেরিয়েশন অনুমোদনের জন্য নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

(ক) মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ মন্ত্রণালয়/ সিসিজিপি হলে:

(১) দরপত্র বহির্ভূত দফার উদ্ভব না হলে, শুধু দরপত্রভুক্ত দফার হ্রাস-বৃদ্ধি ফলে মোট চুক্তিমূল্যের বৃদ্ধি না হলে বা হ্রাস পেলে মহাপরিচালক, বাপাউবো মহোদয় ভেরিয়েশন প্রস্তাব Appendix-1A ছকে অনুমোদন করবেন।

(২) দরপত্র বহির্ভূত দফার উদ্ভব হলে এবং দরপত্রভুক্ত দফার হ্রাস-বৃদ্ধির ফলে মোট চুক্তিমূল্যের বৃদ্ধি না হলেও বা হ্রাস পেলেও মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ (মন্ত্রণালয়/ সিসিজিপি) ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন করবেন। মন্ত্রণালয়ে শুধু Appendix-1A ছকে ভেরিয়েশন প্রস্তাব প্রেরণ করতে হবে, Appendix-1B ছকের প্রয়োজন নেই।

(খ) মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ মহাপরিচালক বা নিম্ন পর্যায়ের হলে:

(১) দরপত্র বহির্ভূত দফার উদ্ভব না হলে, শুধু দরপত্রভুক্ত দফার হ্রাস-বৃদ্ধি ফলে মোট চুক্তিমূল্যের বৃদ্ধি না হলে বা হ্রাস পেলে মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ ভেরিয়েশন প্রস্তাব Appendix-1A ছকে অনুমোদন করবেন।

(২) দরপত্র বহির্ভূত দফার উদ্ভব হলে এবং দরপত্রভুক্ত দফার হ্রাস-বৃদ্ধি ফলে মোট চুক্তিমূল্যের বৃদ্ধি না হলে বা হ্রাস পেলে মহাপরিচালক, বাপাউবো মহোদয় কর্তৃক দরপত্র বর্হিভূত দফার দর(Appendix-1B) অনুমোদনের পরে মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ ভেরিয়েশন প্রস্তাব Appendix-1A ছকে অনুমোদন করবেন।

২। চুক্তি মূল্য বৃদ্ধির ক্ষেত্রে DoFP-2016 এর নির্দেশনা অপরিবর্তিত থাকবে, তবে মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ মন্ত্রণালয়/সিসিজিপি হলে এবং দরপত্র বহির্ভূত দফার উদ্ভব হলে, দরপত্র বহির্ভূত দফার দর(Appendix-1B) মহাপরিচালক কর্তৃক অনুমোদনের প্রয়োজনীয়তা নেই। Appendix-1B মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ মহাপরিচালক বা নিম্ন পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। সকল ক্ষেত্রেই সম্পুরক চুক্তি স্বাক্ষর অর্থাৎ সংশোধিত Bill of Quantities(BoQ) স্বাক্ষর করতে হবে।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১/০৭/২০১৯

(মোঃ মনিরুল ইসলাম)
পরিচালক

(অ:পৃ:দ্র:)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-২২৮ তারিখ:৩১-০৭-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১| প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান......................................... .........বাপাউবো,........................|

২| পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী ...................................... বাপাউবো, ........................|

৩| সচিব, বাপাউবো, ঢাকা।

৪| সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)

৫| নির্বাহী প্রকৌশলী......................................... .........বাপাউবো,........................|

৬| সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা| (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

৭| ব্যক্তিগত সহকারী , অতিঃ মহাপরিচালক (.........................)বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের অবগতিতে আনার অনুরোধসহ)

৮| দপ্তর কপি ।

HAlam
৩১/০৭/২০১৯

(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী